সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৮৯ তারিখ: ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

২৮ আগস্ট ২০২৩ তারিখে মরিশাসে স্থানীয় সময় দুপুর ০২:০০ টায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর সাথে ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় EDBM এর চেয়ারম্যান Mr. Hemraj Ramnial CSK, বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং 'বিডা' এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া উপস্থিত ছিলেন। সভায় বাংলাদেশ ও মরিশাসের যৌথ প্রচেষ্টায় দুই দেশের অর্থনৈতিক সম্ভবনাকে কাজে লাগিয়ে দু'দেশের ব্যবসা ও বিনিয়োগ খাতের সম্প্রসারণ নিয়ে কথা হয়। এসময় 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)' এবং ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

এদিন মরিশাসে স্থানীয় সময় দুপুর ০৩:০০ টায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর সাথে মরিশাসের Financial Services Commission এর একটি সভা অনুষ্ঠিত হয়। মরিশাসের Financial Services Commission এর Chief Executive Mr. Dhanesswurnath Vikash Thakoor, বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং 'বিডা' এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসময় পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক এবং বাংলাদেশের পুঁজিবাজার ও বিনিয়োগ সংক্রান্ত আরও অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়।

একইদিন মরিশাসে স্থানীয় সময় বিকাল ০৪:০০ টায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর সাথে রিপাবলিক অব মরিশাসের Financial Services and Good Governance এর মাননীয় মন্ত্রী Mr. Mahen Kumar Seeruttun এর সাথে অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং 'বিডা' এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া উক্ত সভায় উপস্থিত ছিলেন। সভায় অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহের উপর আলোচনা হয়: ১) বাংলাদেশে ও মরিশাসের মধ্যে ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাবনা, ২) বাংলাদেশে রিপাবলিক অব মরিশাসের দূতাবাস স্থাপন, ৩) মরিশাসে বাংলাদেশের ব্যাংককে শাখা খোলার অনুমতি প্রদান, ৪) বাংলাদেশী ফার্মাসিউটিক্যাল কোম্পানীগুলো কর্তৃক মরিশাসে ফার্মাসিউটিক্যাল কোম্পানি প্রতিষ্ঠা ইত্যাদি।

উল্লেখ্য, এদিন সকালে মরিশাসে এবনে (Ebene) স্ট্যান্ডার্ড চ্যার্টার্ড ব্যাংক (SCB) এর আয়োজনে এবং ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর অংশগ্রহণে মরিশাসে (Mauritius) 'The Rise of Bengal Tiger: Potentials of trade, business and investment' শীর্ষক সামিট আয়োজিত হয়। মরিশাসে উক্ত সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে আশা করা হচ্ছে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ছবি: ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর চেয়ারম্যান Mr. Hemraj Ramnial CSK এর সাথে বিএসইসি ও বিডার সভা এবং সমঝোতা স্মারক স্বাক্ষর



ছবি: মরিশাসের Financial Services Commission এর সাথে বিএসইসি ও বিডার সভা



ছবি: রিপাবলিক অব মরিশাসের Financial Services and Good Governance এর মাননীয় মন্ত্রী Mr. Mahen Kumar Seeruttun এর সাথে বিএসইসি ও বিডার সভা